

**বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**  
**ইস্যুর তারিখ: ২২.১০.২০১৯**

- দেশের সব জেলা থেকে মৌসুমী বায়ু বিদায় নিয়েছে। পরিপক্ব ফসল সংগ্রহ করুন। সংগ্রহ করা ফসল রৌদ্রজ্বল দিনে শুকিয়ে ফেলুন।
- আমন ধান ফুল পর্যায় বা দানা গঠন পর্যায়ে রয়েছে। গত কয়েকদিন তেমন বৃষ্টিপাত হয়নি এবং আগামী কয়েকদিনও আবহাওয়া শুষ্ক থাকার সম্ভাবনা রয়েছে। কাজেই কৃষকদের সেচ প্রদান ও জমিতে যথাযথ পানির স্তর বজায় রাখতে পরামর্শ দেওয়া হলো।
- দানা গঠন পর্যায়ে গান্ধী পোকা ও বাদামী গাছ ফড়িং এর আক্রমণ হওয়ার সম্ভাবনা থাকে। বাদামী গাছ ফড়িং এর আক্রমণ হলে আইসোপ্রোক্যার্ব (মিপসিন / সপসিন বা সমজাতীয়) প্রতি শতকে ৫ গ্রাম/ ০২ লিটার পানিতে এবং গান্ধী পোকাকার আক্রমণ হলে ক্লোরোপাইরিফস (ডারসবান বা সমজাতীয়) প্রতি শতকে ৪ এমএল/ ০২লিটার পানিতে মিশিয়ে স্প্রে করুন।
- রাতের তাপমাত্রা কমে আসছে। নিউমোনিয়া থেকে সুরক্ষায় সকালে ও সন্ধ্যায় দুগ্ধবতী গাভী ও বাছুরকে চটের বস্তা দিয়ে জড়িয়ে দিন।
- রবি ফসল বপন করার আগে জমি পরিষ্কার করে জৈব সার প্রয়োগ করুন। এর ফলে মাটির গুণগত মান, পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি পাবে। জমির আইল, নিষ্কাশন নালা ও পতিত জায়গা থেকে আগাছা পরিষ্কার করে ফেলতে হবে।

**প্রচারে: কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**